

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং: ০৩.৭০১.০১০.০০.০০.৫৭১.২০১৩-২৪০১


তারিখ: ২২/০৩/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আশ্রয়ণ-২ প্রকল্পের সুবিধাভোগীদের তথ্যাদি Online Database-এ ইনপুট প্রদানের কাজ  
দ্রুত সমাপ্তকরণ ও প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ আশ্রয়ণ-২ প্রকল্পের ১৬/০৯/২০১৫ খ্রিঃ তারিখের ০৩.৭০১.০১০.০০.০০.৫৭১.২০১৩-৬১৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আশ্রয়ণ-২ প্রকল্পের মাধ্যমে পুনর্বাসিত পরিবারগুলোর দারিদ্র্য  
বিমোচন ও পুনর্বাসনের স্বার্থে তাদের ডাটাবেইজ থাকা অত্যন্ত জরুরী। তৎপ্রেক্ষিতে ২০১৩-১৪ অর্থ বছরে  
উপকারভোগীদের ডাটাবেইজ তৈরী করার জন্য একটি সফটওয়্যার তৈরী করা হয়। গত ১০/০২/২০১৪ খ্রিঃ তারিখে  
ডাটাবেইজে পুনর্বাসিত পরিবারের তথ্য ইনপুট প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশ প্রদান করা  
হলেও মাঠ পর্যায়ে কাজের তেমন কোন অগ্রগতি হয়নি। গত ১৬/০৯/১৫ খ্রিঃ তারিখে সম্পূর্ণ অস্থায়ীভাবে ২ জন  
জনবল (২ মাসের জন্য) নিয়োগ প্রদান পূর্বক কাজটি সম্পন্ন করার জন্য পত্র দেয়া হয়। পত্র প্রেরণের পর ইতোমধ্যে ছয়  
মাস অতিবাহিত হওয়া স্বত্বেও এবং টেলিফোনে বারবার যোগাযোগ করা স্বত্বেও সকল উপজেলায় তথ্য সংগ্রহ ও  
ইনপুট প্রদানের কাজটি সমাপ্ত হয়নি। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব অসন্তোষ প্রকাশ করেছেন।

২। বর্নিতাবস্থায় আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের ডাটা বেইজ তৈরীর কাজ ৩১ শে মার্চ/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে  
সম্পন্ন করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ নূরুনবী)

উপ-প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)  
☎ ৯১১৪৩২১

প্রাপকঃ

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..... উপজেলা, জেলাঃ .....

অনুলিপিঃ

০১। বিভাগীয় কমিশনার (সকল).....।

০২। জেলা প্রশাসক (সকল).....।

০৩। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। ব্যক্তিগত কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় (প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। অফিস কপি।